ঝিনাইদহ-১ আসনের সাবেক এমপি নায়েব আলী ৪ দিনের রিমান্ডে

ঝিনাইদহ-১ আসনের সাবেক সংসদ সদস্য নায়েব আলী জোয়ার্দারকে দুটি মামলায় চারদিন করে রিমান্ড মিঞ্জুর করেছে আদালত।

আজ শুক্রবার (১৩ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে তাকে হাজির করা হয়। সেসময় আদালতের বিচারক রুমানা আফরোজ এ রিমান্ড মঞ্জুর করেন।

এর আগে গতকাল বৃহস্পতিবার মধ্যরাতে শহরের আরাপপুর জামতলা এলাকায় নিজ বাড়ি থেকে গোপন সংবাদের ভিত্তিতে র্যাব এবং সেনাবাহিনীর সদস্যরা অভিযান চালিয়ে তাকে গ্রেপ্ত্◌ার করে এবং। রাতেই তাকে সদর থানায় হস্তান্তর করা হয়।

র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের কমান্ডার মেজর নাঈম আহমেদ জানান, জেলা বিএনপির দলীয় কার্য্যালয় ও দলের সভাপতির বাড়িতে অগ্নিসংযোগের ঘটনায় ১৯ ও ২৪ আগস্ট সদর থানায় দুটি নাশকতার মামলা হয়। সেই মামলায় এক নম্বর আসামি নায়েব আলী জোয়ারদার।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন জানান, আমরা সকালে সাবেক সংসদ সদস্য নায়েব আলী জোয়ারদারকে আদালতে হাজির করে ১০ দিনের রিমান্ড চেয়েছিলাম। কিন্তু আদালত দুই মামলায় চারদিন করে রিমান্ড মঞ্জুর করেন। তবে পৃথকভাবে চারদিনের পরিবর্তে একই সঙ্গে চারদিন জিজ্ঞাসাবাদ চলবে।

মেহেরপুরে আন্তজেলা ডাকাতদলের সর্দারসহ ৬ ডাকাত ৪ দিনের

রিমান্ডে

গাংনীতে পৃথক দুটি ডাকাতির ঘটনায় গ্রেফতারকৃত ৮ জেলা ডাকাত দলের সর্দারসহ ৬ ডাকাতকে এবার ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেছে আদালত।

আজ সোমবার (২১ নভেম্বর) দুপুরের মেহেরপুর আমলী আদালত (গাংনী) এর বিচারক তারিক হাসানের আদালতে শুনানী শেষে এই ৬ ডাকাতকে পৃথক দুটি ডাকাতির মামলায় ২ দিন করে মোট ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করে বলেন, আসামিদের দুটি ডাকাতি মামলায় ৭ দিন করে রিমান্ডের আবেদন করলে আদালত মামলা দুটিতে ২ দিন করে ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

ডাকাতরা হলেন, ৮ টি জেলার ডাকাত দলের সর্দার কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার শিমুলিয়া ডাঙ্গীপাড়া এলাকার আজিমুদ্দীনের ছেলে আলতাফ মন্ডল (৬০), সদর উপজেলার বোয়ালদহ গ্রামের অক্ষর মন্ডলের ছেলে সোহেল হোসেন (৩৫) ও মিরপুর উপজেলার নওদা পাড়া গ্রামের তাছের বিশ্বাসের ছেলে শাহাজামাল (৩৪)।

মেহেরপুর সদর উপজেলার সোনাপুর গ্রামের আব্দুল হামিদের ছেলে তরিকুল ইসলাম, মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের হামিদ মালিথার ছেলে তরিকুল ইসলাম (২৫), শিবপুর গ্রামের মুকুল জোয়ার্দ্দারের ছেলে আরিফুল ইসলাম ওরফে খোকন ওরফে প্রতীক (২৮), চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বড়বোয়ালীয়া গ্রামের আব্দুল মান্নান ওরফে মনা বাগের ছেলে সালাউদ্দীন (৪০)।

গত ১ সেপ্টেম্বর, ২৪ সেপ্টেম্বর দেবিপুর-করমদি মাঠে ও ১৩ অক্টোবর ছাতিয়ান-কামারখালি মাঠের মধ্যে ডাকাতির ঘটনায় এই ৬ ডাকাতকে ২ দিন করে ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেছে। এর আগে ১ সেপ্টেম্বর দিবাগত রাতে দেবিপুর-কল্যাণপুর মাঠে সংঘঠিত ডাকাতির ঘটনায় প্রথম দফায় সব ডাকাতদের দুই দিনের রিমান্ড মঞ্জুর করেছিল আদালত।

গ্রেফতারকৃত ডাকাত শাহাজামালের কাছে কুষ্টিয়া থেকে প্রকাশিত স্থানীয় একটি পত্রিকার পরিচয়পত্র পাওয়া গেছে। সাংবাদিক পরিচয়ে সাহাজামালের নামে কুষ্টিয়া মিরপুর, রাজবাড়ি সদর ও কালুখালি, গাংনী থানাসহ বিভিন্ন থানায় ডাকাতিসহ বিভিন্ন অভিযোগে ৬ টি

মামলা রয়েছে। গ্রেফতারকৃত আলতাফ হোসেন মন্ডল আশে পাশের ৮ টি জেলায় ডাকাতির সর্দার বলে জানা গেছে। ডাকাত দলের সর্দার আলতাফ হোসেনের বিরুদ্ধে রাজবাড়ি সদর থানা, কালুখালি থানা, চুয়াডাঙ্গার আলমডাঙ্গা থানা ও গাংনী থানায় চুরি, ডাকাতি ও বিস্ফোরক দ্রব্য আইনে মোট ৬ টি মামালা রয়েছে। এছাড়া গ্রেফতারকৃতরা বাকি ৫ জন সবাই আন্তজেলা ডাকাত দলের সদস্য। তাদের প্রত্যেকের নামে একাধিক মামলা রয়েছে।

গাংনী উপজেলার তিনটি স্থানে ডাকাতির ঘটনায় (১৫অক্টোবর) পুলিশ তথ্য প্রযুক্তির সহায়তায় জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি), সাইবার ক্রাইম অপরাধ বিভাগ, সদর ও গাংনী থানা পুলিশ যৌথভাবে অভিযান চালিয়ে

প্রথমে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের তরিকুল ইসলামকে গাংনী উপজেলার জুগিন্দা গ্রাম থেকে গ্রেফতার করে। এরপর তার স্বীকারোক্তি অনুযায়ী বাকি ৫ জন আসামিকে কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহসহ বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে গ্রেফতার করে।

ডাকাতির কাজে ব্যবহৃত একটি মিনি ট্রাক যার নং কুষ্টিয়া ন-১১-০২৯৩), বিভিন্ন মোবাইল কোম্পানীর ৬টি মোবাইল ফোন, তিনটি রামদা উদ্ধার করে।